



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর মাসিক অনলাইন নিউজলেটার

পল্লী পারিক্রমা

ফেব্রুয়ারি ২০১৯ বর্ষ ২ সংখ্যা ৫

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় পরিদর্শন



গত ১০/০২/২০১৯ খ্রি. তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় পরিদর্শন করেন। সে লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রীগণ উপস্থিত ছিলেন। এছাড়া বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর পক্ষ হতে মহাপরিচালক জনাব মুহম্মদ মঊদুদউর রশীদ সফদার উক্ত সভায় অংশগ্রহণ করেন।

বিআরডিবি'র কার্যক্রম পর্যালোচনা সভা অনুষ্ঠিত



গত ১৭/০২/২০১৯ খ্রি. তারিখে পল্লী ভবনের সম্মেলন কক্ষে বিআরডিবি'র কার্যক্রম পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালকুদার। সভায় সভাপতিত্ব করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মঊদুদউর রশীদ সফদার।



www.brdb.gov.bd

# পল্লী পরিক্রম

ফেব্রুয়ারি ২০১৯ বর্ষ ২ সংখ্যা ৫

## ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম.....

সচিব পল্লী উন্নয়ন ও সমবায় কর্তৃক ৩  
উপপরিচালকদের ৩ দিন ব্যাপী দক্ষতা  
উন্নয়ন প্রশিক্ষণ উদ্বোধন

মহান ২১শে ফেব্রুয়ারি/২০১৯ ৪  
যথাযোগ্য মর্যাদায় উদযাপন

উপপরিচালকদের ৩ দিন ব্যাপী দক্ষতা ৫  
উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন ও সনদ বিতরণ

বিআরডিবিআই ও সদর দপ্তরের সাথে ৬  
ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত

বিআরডিবিআই,সিলেট এ সাংস্কৃতিক ৭  
সন্মিলন আয়োজন

পউসবি'র অতিরিক্ত সচিব কর্তৃক ৮  
গাইবান্ধা প্রকল্পের প্রশিক্ষণ উদ্বোধন

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপিকে বিআরডিবি'তে আগমন উপলক্ষে শুভেচ্ছা জ্ঞাপন



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নব নিযুক্ত মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সদর কার্যালয়ে গত ১৭/০২/১৯ খ্রি. তারিখে প্রথম আগমন উপলক্ষে মহাপরিচালক, বিআরডিবি এর পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়।

## দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচীতে প্রকল্পের সুফলভোগী সদস্যদের রংগিন ছবি ডাটাবেইজ এর মোড়ক উন্মোচন



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি মহোদয় কর্তৃক ইরেসপো প্রকল্পের সুফলভোগীদের ডাটাবেইজ এর মোড়ক উন্মোচন করেন। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার এবং বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মঈদুদউর রশীদ সফদার।



## মহাপরিচালকের বার্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অনলাইন নিউজলেটার বিআরডিবি 'পল্লী পরিক্রম' এর ফেব্রুয়ারি ২০১৯ সংখ্যা প্রকাশিত হ'ল। এ দায়িত্বপূর্ণ কাজটি সাফল্যের সঙ্গে নিয়মিতভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই। বিআরডিবি'র পক্ষে আমরা মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯ উদযাপন করেছি। জাতির পিতার ক্ষুধা-দারিদ্র-অশিক্ষা এবং বঞ্চনামুক্ত 'সোনার বাংলাদেশ' বিনির্মানের লালিত স্বপ্ন বাস্তবায়নে বিআরডিবি'র কর্মী ও সুফলভোগীরা একাত্ম হয়ে কাজ করছে।



## বিআরডিবি'র উপরিচালক/সমপর্যায়ের কর্মকর্তাদের ৩ (তিন) দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ উদ্বোধন



বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট, সিলেট এ বিআরডিবি'র উপরিচালক/সমপর্যায়ের কর্মকর্তাদের ৩ (তিন) দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গত ০২-০৪ ফেব্রুয়ারি/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার কর্তৃক বিআরডিটিআই, সিলেট এর ক্যাম্পাস পরিদর্শন



পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার বিআরডিটিআই, সিলেট এর ক্যাম্পাস এর বিভিন্ন স্থাপনা পরিদর্শন করেন



পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার বিআরডিটিআই, সিলেট এর ক্যাম্পাসে বৃক্ষ রোপন করেন।



## ২১শে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন



২১শে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে বিআরডিবি'র পক্ষ হতে শহীদ মিনারে পরিচালক (প্রশাসন) জনাব মোঃ হাসানুল ইসলাম এনডিসি এর নেতৃত্বে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন



২১শে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে বিআরডিবি'র পক্ষ হতে শহীদ মিনারে পরিচালক (প্রশাসন) জনাব মোঃ হাসানুল ইসলাম এনডিসি এর নেতৃত্বে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন এর লক্ষ্যে র্যালীতে অংশগ্রহণ

## বিআরডিবি'র সদর কার্যালয়ে কর্মকর্তা/কর্মচারীদের ৬০ ঘণ্টার প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত



বিআরডিবি'র কর্মকর্তাদের ৬০ ঘণ্টার প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।



বিআরডিবি'র ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ৬০ ঘণ্টার প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।



বিআরডিবি'র ৩য় শ্রেণীর কর্মচারীদের ৬০ ঘণ্টার প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।



## ঢাকা জেলার তেজগাঁও থানায় সমিতিতে ঋণ বিতরণ

ঢাকা জেলার তেজগাঁও থানায় মহিলা সমিতির সদস্যদের মাঝে ক্ষুদ্র ঋণ বিতরণ করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আশুল হাম্মান মিয়া। এসময় এআরডিও ফারজানা মারিয়া সার্বিক সহযোগিতা করেন।



## বিআরডিবি'র উপরিচালক/সমপর্যায়ের কর্মকর্তাদের ৩ (তিন) দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন



বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট, সিলেট এ বিআরডিবি'র উপরিচালক/সমপর্যায়ের কর্মকর্তাদের ৩ (তিন) দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গত ০২-০৪ ফেব্রুয়ারি/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। উক্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ০৪ ফেব্রুয়ারি/২০১৯ সম্পন্ন হয়। উক্ত সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র পরিচালক (প্রশাসন) জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি।

## ধামরাই উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতির ৩৯তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত



বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত দ্বি-স্তর সমবায় সমিতির ২য় স্তর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি। ঢাকা জেলার ধামরাই উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতির সকল শেয়ার হোল্ডার প্রাথমিক সমবায় সমিতির সদস্যদের উপস্থিতিতে ৩০তম সাধারণ সভা গত ২৭/০২/২০১৯ খ্রি. তারিখে ইউসিসিএ'র হল রুমে অনুষ্ঠিত হয়। বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করে ইউসিসিএ'র চেয়ারম্যান জনাব আহমদ হোসেন।

## বিআরডিবি রংপুর জেলায় আন্তঃউপজেলা ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠিত



রংপুর জেলায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর কর্মকর্তা ও কর্মচারী সমিতি আয়োজিত প্রীতি ব্যাডমিন্টন প্রতিযোগিতা গত ১২-১৮ ফেব্রুয়ারি/২০১৯ অনুষ্ঠিত হয়। রংপুর জেলার উপজেলাগুলোর কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে আন্তঃ উপজেলা ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। রংপুর উপরিচালক এর কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাইবান্ধা সমন্বিত দারিদ্র্যদূরীকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ আব্দুস সবুর।



### বিআরডিবি'র সদর কার্যালয় ও বিআরডিটিআই এর প্রশিক্ষার্থীদের সাথে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপপরিচালকদের ৩ দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গত ০২/০২/২০১৯ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিআরডিটিআই), খাদিমনগর, সিলেট-এ অনুষ্ঠিত হয়। উক্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের অংশ হিসেবে গত ০৪/০২/২০১৯ খ্রি. তারিখে প্রশিক্ষার্থীদের সাথে বিভিন্ন বিষয়ে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সদর দপ্তর হতে মতবিনিময় করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মঈদুদউর রশীদ সফদার। এ সময় পরিচালক (প্রশাসন) ও পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় বিআরডিটিআই, সিলেট এ উপস্থিত ছিলেন।

### ময়মনসিংহ জেলায় ফুলবাড়ীয়া উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতির ৩০ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দ্বি-স্তর সমবায় সমিতির ২য় স্তর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি। ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতির সকল শেয়ার হোল্ডার প্রাথমিক সমবায় সমিতির সদস্যদের উপস্থিতিতে ৩০তম সাধারণ সভা গত ২৮/০২/২০১৯ খ্রি. তারিখে ইউসিসিএ'র হল রুমে অনুষ্ঠিত হয়। উক্ত বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি ময়মনসিংহ জেলার উপপরিচালক জনাব মোঃ জাহিদুল ইসলাম। এছাড়া ইউসিসিএ'র চেয়ারম্যানসহ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

### বিআরডিটিআই সিলেট-এ উপপরিচালকদের ৩ দিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের সমাপন এবং সনদ বিতরণ



বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট, সিলেট-এ বিআরডিবি'র উপপরিচালকদের ৩ দিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান ০৪/০২/২০১৯ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকা অনুষ্ঠিত হয়। উক্ত সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র পরিচালক (প্রশাসন) জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি।

### সিলেট জেলায় বিভিন্ন সমিতি/দলের সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত



সিলেট জেলার সদর উপজেলায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর রাজশ বাজেটের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ হতে প্রাথমিক সমবায় সমিতি ও পল্লী উন্নয়ন দলের সদস্যদের একদিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গত ২৫/০২/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলার উপপরিচালক জনাব মোঃ গোলাম হারুয়ার মোস্তফা এবং কোর্স পরিচালনা করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ রাশেদুল ইসলাম।



## ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় বক্স কালভার্ট নির্মাণ



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় শেরপুর ইউনিয়নের রাজবাড়ীয়া গ্রামের কাঁচা রাস্তায় পানি সরবরাহ এবং মানুষের যাতায়াতের সুবিধা এবং গ্রামের মানুষের চাহিদার প্রেক্ষিতে একটি বক্স কালভার্ট নির্মাণ করা হয়েছে। ফলে গ্রামের জনগণের যোগাযোগের ক্ষেত্রে সুবিধা পাচ্ছে। এভাবেই বিআরডিবি পল্লীর জনগণ ও পল্লী জনপদের উন্নয়নে কাজ করছে।

## গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় খালের উপর কাঠের ব্রিজ নির্মাণ



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় বাজ হিজলতলী গ্রামে কংক্রিটের পিলার স্থাপনের মাধ্যমে কাঠের ব্রিজ নির্মাণ করা হচ্ছে। ফলে গ্রামের জনগণ বর্ষার মৌসুমে খাল পাড় হয়ে খুব সহজেই এক গ্রাম থেকে অন্য গ্রামে যাতায়াত করতে পারবে। এভাবেই বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড পল্লীর জনগণ ও জনপদের উন্নয়নে কাজ করছে। উক্ত ব্রিজ এর কাজ পরিদর্শন করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আব্দুস সাত্তার।

## বিআরডিটিআই, সিলেট-এ ৩ দিন ব্যাপী উপপরিচালকদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের ৩য় দিনে সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপপরিচালকদের ৩ দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গত ০২/০২/২০১৯ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিআরডিটিআই), খাদিমনগর, সিলেট-এ অনুষ্ঠিত হয়। উক্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের অংশ হিসেবে গত ০৪/০২/২০১৯ খ্রি. তারিখে সন্ধ্যা ৭.০০ ঘটিকা সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। উক্ত সাংস্কৃতিক সন্ধ্যায় একক গান পরিবেশন করেন বালকাঠি জেলার উপপরিচালক সুপ্রীয়া বর, মাদারীপুর জেলার উপপরিচালক, দীনেশ চন্দ্র মন্ডল এবং বরগুনা জেলার উপপরিচালক জনাব মোঃ হাফিজুর রহমান ভূইয়া প্রমুখ।

## সিলেট সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতির ৪১ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দ্বি-স্তর সমবায় সমিতির ২য় স্তর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি। সিলেট সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতির সকল শেয়ার হোল্ডার প্রাথমিক সমবায় সমিতির সদস্যদের উপস্থিতিতে ৪১তম সাধারণ সভা গত ২৮/০২/২০১৯ খ্রি. তারিখে ইউসিসিএ'র হল রুমে অনুষ্ঠিত হয়। উক্ত বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি সিলেট জেলার উপপরিচালক জনাব মোঃ গোলাম হাবুয়ার মোস্তফা। এছাড়া ইউসিসিএ'র চেয়ারম্যানসহ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।



## গাইবান্ধা সমন্বিত দারিদ্র্যদূরীকরণ প্রকল্পের ১২ দিনব্যাপী আইজিএভিত্তিক প্রশিক্ষণ শুরু



গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলায় ২৫/০২/২০১৯ খ্রি. তারিখ বেলা ১০.০০ ঘটিকায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের সুফলভোগীদের গবাদী পশু পালন, মোটাতাজা করণ ও খামার ব্যবস্থাপনা বিষয়ক ১২ দিন ব্যাপী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের উদ্বোধন করেন স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব মনোয়ার হোসেন চৌধুরী, এমপি।

## মহাপরিচালক, বিআরডিবি কর্তৃক বিআরডিটিআই, সিলেট ক্যাম্পাসে গাছের চারা রোপন



বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট, সিলেট এ বিআরডিবি'র উপরিচালক/সমপর্যায়ের কর্মকর্তাদের ৩ (তিন) দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গত ০২-০৪ ফেব্রুয়ারি/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। গত ০২ ফেব্রুয়ারি বিআরডিটিআই ক্যাম্পাসে গাছের চারা রোপন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।

## গাইবান্ধা সমন্বিত দারিদ্র্যদূরীকরণ প্রকল্পের আওতায় আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের উদ্বোধন



১৭/০২/২০১৯ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের সুফলভোগীদের গবাদী পশু পালন, মোটাতাজা করণ ও খামার ব্যবস্থাপনা বিষয়ক ১২ দিন ব্যাপী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের উদ্বোধন করা হয়। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব আবুল হাসনাত মোহাম্মদ জিয়াউল হক। উক্ত অনুষ্ঠানে প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ আব্দুস সবুর এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ আব্দুল কাদেরসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

## বগুড়ার ধুনট উপজেলায় স্বল্প সুদে বিআরডিবি'র ঋণ নিয়ে স্বাবলম্বী



এক সময় অভাব অনটন যাদের নিত্য দিনের সঙ্গি ছিল তারা এখন সুদিনের স্বপ্ন দেখছে। স্বল্প সুদে সরকারি ঋণ নিয়ে স্বাবলম্বী হচ্ছে ভূমিহীনরা। বগুড়ার ধুনট উপজেলায় বিআরডিবি'র আওতায় গৃহহীন পরিবারদের পুনর্বাসন করে তাদেরকে স্বাবলম্বী করতে তিনটি গুচ্ছ গ্রামে সিভিআরপি প্রকল্পের মাধ্যমে ৮.৫% সুদে ঋণ দেওয়া হচ্ছে। প্রথম দফায় ১৫ হাজার টাকা ঋণ দেওয়া হয়। পরবর্তীতে ১০০জন ভূমিহীনদের ২৫/৩০ হাজার টাকা করে ঋণ দেওয়া হবে। ধুনট গুচ্ছ গ্রাম সিভিআরপি প্রকল্পের সভাপতি ও ধুনট উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া সুলতানা বলেন, পুনর্বাসিত সুবিধাভোগীদেরকে আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী করতে প্রশিক্ষণ সহ ঋণ প্রদান করা হচ্ছে। এতে স্বল্প সুদে ঋণ নিয়ে স্বাবলম্বী হচ্ছে অনেক ভূমিহীন পরিবার। (সূত্র: bd protidin.com)